দৈনিক বাংলা

তারিখ ... 03 NOV. 1991 ... ...
পৃষ্ঠা ... ২ ... ... কলাম ৬ ... ...

# ভার্সিটিতে আবার গোলাগুলি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অস্ত্রধারীদের দাপট অব্যাহত রয়েছে। ক্যাম্পাসে কড়া পুলিশ প্রহরার মধ্যেই শুক্রবার রাতে বিভিন্ন হলে বিচ্ছিন্নভাবে গুলিবর্ষণের ঘটনা ঘটেছে।

শুক্রবার রাত একটায় জগন্নাথ হল এলাকায় ৪/৫ রাউন্ড গুলিবর্ষণের শব্দ শোনা যায়। এর একটু পরেই সূর্যসেন ও জসীমউদ্দীন হলের দিক থেকে ৮/১০ রাউন্ড পাল্টা গুলি বর্ষিত হয়।

ক্যাম্পাসে ছাত্রলীগের (শা-অ)

(৫-এর পৃঃ দ্রঃ)

## গোলাগুলি

(প্রথম পৃঃ পর)

কার্যক্রম স্থগিত ঘোষণা করা হলেও মিছিল-সমাবেশ ছাড়া আর সব ধরনের সাংগঠনিক তৎপরতা অব্যাহত রয়েছে। তিনটি আবাসিক হল (জহুরুল হক হল, জগন্নাথ হল, সলিমুল্লাহ হল) এখনো ছাত্রলীগের (শা-অ) নিয়ন্ত্রণে। এসব হলে জাতীয়তাবাদী ছাত্রদলের কোন কর্মীকে উঠতে দেয়া হচ্ছেনা।

সন্ত্রাসীদের গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার এবং শিক্ষাঙ্গণে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবীতে গণতান্ত্রিক ছাত্র ঐক্য আজ বিকাল চারটায় জাতীয় প্রেসক্লাব চত্বরে জমায়েত এবং জমায়েত শেষে জাতীয় সংসদ অভিমুখে মিছিল বের করবে।

এই কর্মসূচীর সমর্থনে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের প্রচার মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্র নেতা মোস্তাক আলম টুলু ও জিয়াউল হক জিয়া সমাবেশে বক্তৃতা করেন।